

INSERT SCHOOL LETTERHEAD

PARENT/GUARDIAN NOTIFICATION LETTER

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আমেরিকার মানুষ যেসব মারাত্মক স্বাস্থ্যগত সমস্যা মোকাবিলা করেছে, HIV এবং AIDS হলো সেগুলোর মধ্যে সবচেয়ে গুরুতর। চিকিৎসায় অগ্রগতির ফলে এখন HIV আক্রান্ত মানুষ দীর্ঘদিন বাঁচতে ও সুস্থভাবে জীবনযাপন করতে সক্ষম, তবে এই রোগের কোনো নিরাময় নেই। স্বাস্থ্য শিক্ষা শিক্ষার্থীদেরকে স্বাস্থ্যসম্মত পছন্দ বেছে নিতে এবং তাদের নিজেদেরকে ও অন্যদেরকে এই সংক্রমণ প্রতিরোধে সহায়তাদানে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ বাধ্যতামূলক করে যে, কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীকে প্রতি বছর সমন্বিত স্বাস্থ্য শিক্ষার অংশ হিসেবে HIV বিষয়ক শিক্ষা দিতে হবে। এই বছর, আপনার সন্তান নতুনভাবে হালনাগাদকৃত পাঠ্যক্রম থেকে শিক্ষার সুযোগ লাভ করবে যেটিকে বলা হয় *থ্রোয়িংআপ অ্যান্ড স্টেইং সেইফ (বেড়ে উঠা ও নিরাপদ থাকা)* যা চিকিৎসা শাস্ত্র মতে সঠিক, বয়স-উপযোগী, জাতীয় বিশেষজ্ঞবৃন্দ, স্থানীয় কমিউনিটি নেতৃবৃন্দ, পিতামাতা/সেবাপ্রদানকারী, এবং শিক্ষাবিদদের অংশীদারিত্বে প্রণীত।

কীভাবে সুস্থ ও স্বাস্থ্যবান থাকতে হয় এবং অসুস্থতা এড়ানো যায়, স্ব-মূল্য এবং নিজেদের শরীরের প্রতি শ্রদ্ধাবোধ গড়ে তুলতে হয়, দয়া এবং সমবেদনার প্রবক্তা হতে হয়, এবং যেসব বয়োজ্যেষ্ঠ বিশ্বস্ত, তাদের সাথে যোগাযোগ রক্ষা করতে হয় এলিমেন্টারি গ্রেডে শিক্ষার্থীরা সেসব বিষয়গুলো শিখবে। অনুগ্রহ করে গ্রেড পর্যায়ে উপরিচিত(গুলি) পর্যালোচনা করুন এবং পাঠগুলো সম্পর্কে আরও জানুন।

পিতামাতা/অভিভাবক হিসেবে সন্তানকে আপনার মতাদর্শ এবং পারিবারিক মূল্যবোধ সমর্থনকারী স্বাস্থ্যসম্মত আচরণসমূহ শেখাতে আপনার ভূমিকার প্রতি আমরা সম্মান জানাই। আপনার স্বাস্থ্য সম্পর্কিত ক্লাসে কী শিখছে, সেটা নিয়ে সন্তানের সাথে আলোচনা করতে এবং সন্তানকে আপনার বিশ্বাস ও মূল্যবোধ জানাতে আমরা আপনাকে উৎসাহিত করছি।

পিতামাতা, অভিভাবক, এবং স্কুলগুলোর লক্ষ্য এক: আমরা শিক্ষার্থীদের সব বয়সে এবং জীবনের প্রতিটি স্তরে সুস্থ-সবল দেখতে চাই। আপনি যদি এই পাঠ্যক্রম বিষয়ে আরও জানতে আগ্রহী হন, আমরা আপনাকে আপনার সন্তানের শিক্ষক, প্যারেন্ট কোঅর্ডিনেটর, অথবা আমার সাথে কথা বলতে উৎসাহ প্রদান করছি। আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আমাকে INSERT PHONE NUMBER নম্বরে ফোন করুন।

আন্তরিকভাবে,

INSERT PRINCIPAL NAME

প্রিন্সিপাল